Calcutta University
urnal of Information Studies

PARTMENT OF LIBRARY & INFORMATION SCIENCE
UNIVERSITY OF CALCUTTA

INTRODUCTORY NOTE

The Department of Library Science was established in 1945-a one year Diploma Course was started mainly for the persons already working in different libraries. This was the second University course in India after Madras University. In 1969 the Diploma Course was replaced by a one year bachelor Degree course. In 1974 a two year day time Master's Degree course was also started (M.Lib.Sc.) This was unique in more than aspect. It was a two year course, whereas other Indian Universities opted for one year Master's Degree Course. The Course was more academic in nature than technical. Many of the prominent libraries and library scientists were associated with the course. They include such person as Messrs. B.S. Kesavan, Nihar Ranjan Ray, Biswanath Banerjee, Subodh Kumar Mookherjee, Pramil Chandra Bose, Ajit Kumar Mukhopadhyay, Benoyendra Sengupta, Bimalendu Majumdar and many others. During these past 5½ decades, several thousand (around four thousand) students were the output and many of them are well placed in their respective professional fields.

In the wake of the Golden Jubilee Celebration of the Department a decision was taken for a Golden Jubilee publication. Ultimately for different reasons the Celebration Committee could not publish the materials and requested the Department to take up publication of the materials collected. In the mean time the University made a small annual grant for publication of a departmental journal . It was also observed that the teachers and the Students of the Department on many occasions produced a good number of reports and articles worthy of publication. Therefore the Departmental Committee of Library and Information Science resolved to publish at least one publication in a year in the form of a serial.

This is the first issue comprising articles of our ex-teachers and ex-students mainly on the theme of memorablia. An appendix has been added as a directory of teachers of the Department from the inception to the present. In this connection it may be said that attempt has been taken to publish a short list of directory information about the students of the Department.

INTRODUCTORY NOTE

As this issue is mainly based on the materials collected for the Golden Jubilee Publication, the activities of the Golden Jubilee Celebration Committee have been included in this issue to record the programmes of the celebration of the Department.

In future issues we shall try to publish best quality review articles, tutorial articles, profiles of the personalities in Library and Information Science, and research articles. The Board of Editors invite quality articles either in English or in Bengali along with abstracts or summaries in both English and Bengali from the established and prospective authors.

Library and Information Science (LIS) education is a professional education and it is a specialised area of human training. Accordingly it has a concrete content and objectives in the same way as the training taken by teachers, chemists, doctors, engineers, management personnel and industrial technicians. Preparation of librarianship and information work requires a mastery of the body of knowledge and techniques utilised in library and information operations, and services which constitute the discipline "Library and Information Science". This involves an understanding of the historic and current functions of the library to collect, organise, preserve and transmit for both immediate and continuing use the record of civilization, an appreciation of the social, educational, cultural and utilitarian role of libraries in a civilized society, a knowledge of the content, characteristics, purpose and use of recorded materials, and the ability to apply information techniques, understanding and appreciation to planning and executing an effective programme of library and information service for a given channel at a given time, in a given situation, and in productive relationship with other libraries, information centres and agencies which have the same or similar aims.

The primary aim of education for library and information science should be the training of the intellect in matters pertaining to human knowledge and information and its goal should be the achievement of the highest wisdom in promoting the utilisation of knowledge and information for the benefit of mankind.

Report of the Curriculum Development Committee in Library and Information Science, UGC, 1993

স্মৃতিচারণ

প্রমীল চন্দ্র বসু

বিশ্ববিদ্যালয়ের নথিপত্র অনুযায়ী আমার কাজে যোগদানের তারিখ হল ১লা এপ্রিল, ১৯৩৫, কলিকাতা বিশ্ববিদ্যালয়ের লাইব্রেরীকে আশুতোষ ভবনে তার জন্য নব নির্মিত নিজস্ব আবাসে স্থানান্তরকরণকে উপলক্ষ করেই আমি বিশ্ববিদ্যালয়ে প্রবেশ করি। কোন নিয়োগপত্র ছাড়া উপাচার্য শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের মৌখিক নির্দেশেই আমি বিশ্ববিদ্যালয়ের কাজে যোগ দিই, পরে অবশ্য সিণ্ডিকেট থেকে এই নিয়োগ আনুষ্ঠানিক ও বিধিসঙ্গত করে নেওয়া হয়। স্থানান্তরকরণের কার্যপদ্ধতি, আলোচনা ও কর্মসূচী প্রণয়নের জন্য ১লা এপ্রিল, ১৯৩৫ তারিখের দিন কতক আগে থেকেই আমাকে আনুষ্ঠানিক এবং অনিয়মিতভাবে বিশ্ববিদ্যালয়ে যাতায়াত করতে হতো। পরে আমি আনুষ্ঠানিক ও নিয়মিতভাবে আমার কাজ শুরু করি ১লা এপ্রিলের পরে—১৯শে এপ্রিল থেকে। সেই বছর ১৯ শে এপ্রিল গুডফ্রাইডের জন্য বিশ্ববিদ্যালয়ে ছুটির দিন থাকলেও দিনটা ভাল বলে উপাচার্যের ইচ্ছা ও নির্দেশ মত ঐ দিনই আমি কাজ আরম্ভ করি। তবে ১৯ শে এপ্রিলের আগে থেকেই আমি যেহেতু বিশ্ববিদ্যালয়ে যাতায়াত শুরু করি, সেইহেতু উপাচার্যের নির্দেশেই আমি ১লা এপ্রিল থেকেই হাজিরা খাতায় নিজের নামের স্বাক্ষর করেছিলাম।

আমি যে সময়ে বিশ্ববিদ্যালয়ের কাজে যোগ দিই তার অনেক আগে থেকেই বিশ্ববিদ্যালয় গ্রন্থাগারে সঙ্কটজনক স্থানাভাব ছিল। প্রায় তিন লক্ষাধিক গ্রন্থকে আশুতোষ ভবনের নতুন গ্রন্থাগারে পুনরায় স্থানান্তরিত করার পেছনে আমার নিজস্ব পরিকল্পনা অনুযায়ী আমি অবসর গ্রহণের পূর্ব মুহূর্ত পর্যন্ত নিজেকে নিযুক্ত রেখে ছিলাম।

বিশ্ববিদ্যালয়ের কর্মে নিযুক্ত হবার প্রাক্কালে তৎকালীন রেজিস্ট্রারের মারফৎ উপাচার্য আমাকে বার বার জিজ্ঞাসা করতেন, আমি কত বেতন চাই। কিন্তু আর্থিক ব্যাপারে আমি আগাগোড়া উদাসীন থাকায় সেই সুযোগ কখনই গ্রহণ করিনি।

আশুতোষ বিল্ডিং এর চারতলায় যে নতুন লাইব্রেরী নির্মিত হয় তাতে তিনশ এর বেশী পাঠকের বসবার স্বতন্ত্র আসনযুক্ত দক্ষিণমুখী বিরাট এবং প্রশস্ত এক পাঠগৃহ ছিল। অথচ বিশাল গ্রন্থাগারে প্রবেশ করার অথবা ঐ গৃহ থেকে বাইরে আসার জন্য একটি মাত্র দরজা ছিল। সুতরাং কোন কারণে গ্রন্থগৃহে দৈবাৎ যদি অগ্নিদগ্ধ ঘটে এবং যে আগুন যদি গ্রন্থ গৃহ থেকে বাইরে আসার পথের মুখে হয় তাহলে সে সময়ে গৃহের অভ্যন্তরে থাকা লোকদের অগ্নিদগ্ধ হয়ে যাবার সম্ভাবনা থাকবে। এই চিন্তা সর্বপ্রথম আমাকেই নাড়া দিয়েছিল, অথচ যে সব স্থপতি, ইঞ্জিনিয়ার, লাইব্রেরী

বিশেষজ্ঞ মিলে সমস্ত প্ল্যান করেছিলেন তাদের অগোচরেই থেকে গিয়েছিল। পরে শ্যামাপ্রসাদ বাবুর দৃষ্টিগোচরে আনার পর, তার নির্দেশে বিখ্যাত কন্ট্রাক্টর মার্টিন বার্ন কোম্পানীর প্রায় সদ্য তৈরী করা খুব মজবুত পাথরের ন্যায় শক্ত দেওয়াল ভেঙ্গে নতুন আর একটা দরজা বানানো হয়েছিল।

১৯৩৫ সালের ১লা এপ্রিল তারিখে প্রাথমিক অবস্থায় মাসিক পঁচাত্তর টাকা বেতনে একজন সাময়িক কর্মী হিসাবে আমি বিশ্ববিদ্যালয়ে যোগদান করি। সেই সময় কলিকাতা বিশ্ববিদ্যালয়ের লাইব্রেরিয়ান ছিলেন শ্রী বসন্ত বিহারী চন্দ্র। আমি যে সময়ে বিশ্ববিদ্যালয়ের কাজে যোগদান করি, সে সময়ে বিশ্ববিদ্যালয়ে কোন সহকারী লাইব্রেরীয়ানের পদ ছিল না। শীঘ্রই বিশ্ববিদ্যালয়ের জন্য একশ টাকা থেকে শুরু করে আড়াইশ টাকা পর্যন্ত বেতন ক্রমের দুজন নতুন কর্মীর পদের সৃষ্টি হয়। তার জন্য সিণ্ডিকেট অতঃপর লোক নির্বাচন করার জন্য এক কমিটি গঠন করেন, যাতে উপস্থিত ছিলেন উপাচার্য শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়, ভূতপূর্ব উপাচার্য ডব্লিউ, এস, আর্কুহার্ট; সিণ্ডিকেটের অন্যতম সদস্য শ্রীচারুচন্দ্র বিশ্বাস এবং রেজিষ্ট্রার। কমিটির সর্বসম্মত সিদ্ধান্ত মত শ্রীবিশ্বনাথ বন্দোপাধ্যায় এবং আমি ঐ পদ দুটিতে যোগদান করি। তার প্রায় এক বছর পরে ডঃ নীহাররঞ্জন রায় বিশ্ববিদ্যালয়ের লাইব্রেরিয়ানের পদে নিযুক্ত হয়েছিলেন। ১৯৩৮ সালে বিশ্বনাথ বন্দোপাধ্যায় লণ্ডনে যান এবং সেখানে লাইব্রেরিয়ানসিপের ডিপ্লোমা নিয়ে ১৯৩৯ সালে ফিরে আসার পর ১৯৪০ সালে তিনি সহকারী লাইব্রেরিয়ানের পদ থেকে উত্তীর্ণ হয়ে ডেপুটি লাইব্রেরিয়ানের পদে যোগ দেন। ১৯৪৪ সালে ডক্টর নীহাররঞ্জন রায় রাণী বাগীশ্বরী অধ্যাপকের পদে নিযুক্ত হওয়ায় উপগ্রন্থাগারিক শ্রীবিশ্বনাথ বন্দোপাধ্যায় লাইব্রেরিয়ানের পদে নিযুক্ত হন এবং আমি তখন ডেপুটি লাইব্রেরিয়ানের পদে নিযুক্ত হই। অতঃপর ১৯৫২ সালে শ্রীবিশ্বনাথ বন্দোপাধ্যায় বিশ্ববিদ্যালয়ের কাজ ছেড়ে অন্যত্র চলে যান এবং তখন আমিই অস্থায়ী ভাবে বিশ্ববিদ্যালয়ের লাইব্রেরিয়ানের পদে নিযুক্ত হই। কিছুকাল পরে ঐ পদ স্থায়ীভাবে পূরণের জন্য সংবাদপত্র মারফৎ আবেদন পত্র আহ্বান করা হয় এবং উপযুক্ত কর্তৃপক্ষের সুপারিশ মত আমিই ঐ পদে স্থায়ীভাবে নিযুক্ত হই এবং ১৯৬৭ সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত আমি বিশ্ববিদ্যালয়ের লাইব্রেরিয়ানের দায়িত্বভার সঠিকভাবে পালন করি।

আমি বিশ্ববিদ্যালয়ে থাকাকালে দ্বাদশ স্থায়ী উপাচার্যকে কর্মরত থাকতে দেখেছি। ঐ সকল ব্যক্তির সান্নিধ্য ছাড়াও আর যে সমস্ত বিশিষ্ট ও খ্যাতনামা ব্যক্তির সান্নিধ্যে এসেছিলাম তারা হলেন—অধ্যাপক সর্বপল্লী রাধাকৃষ্ণণ, ডক্টর হরেন্দ্রনাথ মুখার্জী, অধ্যাপক সুনীতি কুমার চট্টোপাধ্যায়, অধ্যাপক মেঘনাদ সাহা, ডক্টর কালিদাস নাগ, ডক্টর নীহার রঞ্জন রায়, অধ্যক্ষ অনাথ নাথ বসু, অধ্যাপক নির্মল কুমার বসু, অধ্যাপক বিনয় কুমার সরকার, ডক্টর সরোজ কুমার দাস, অধ্যাপক জিতেন্দ্র প্রসাদ নিয়োগী, মহামহোপাধ্যায় বিধুশেখর শাস্ত্রী, বিচারপতি লর্ড উইলিয়ামস, মিঃ ডবলিউ. লি. ওয়ার্ডসওয়ার্থ, ডক্টর রমেশ চন্দ্র মজুমদার, ডক্টর শ্রীমতী স্টেলা ক্রামরিশ প্রমুখ।

বাল্যকালে আমি টাকী গভর্নমেন্ট স্কুলের ছাত্র ছিলাম এবং সর্বনিম্ন শ্রেণী থেকে সর্বোচ্চ

শ্রেণী পর্যন্ত বরাবর আমি ফ্রি-স্টুডেন্টশিপ পেয়েছিলাম। ম্যাট্রিকুলেশন পরীক্ষার পর কলকাতায় সিটি কলেজে দুবছর যখন আই.এস.সি. পড়তাম তখনও আমি ফ্রি-স্টুডেন্টশিপ পেতাম। কলেজে ভর্তি হবার পর দাদাদের কাছ থেকে মাসিক মোট দশ টাকা আর্থিক সাহায্য পেতাম এবং তার দ্বারাই নিজের সব খরচের সঙ্কুলান করতাম।

প্রথম আমার সাথে সর্বপল্লী রাধাকৃষ্ণাণের সাক্ষাৎ হয় এম.এ. পড়ার সময়। এর পর ১৯৩৫ সালে আমি যখন কাজে যোগ দিই তখন রাধাকৃষ্ণান বাবু দর্শন বিভাগের অধ্যাপক হয়ে বিশ্ববিদ্যালয়ে যোগ দেন, পরে অন্ধ্রবিশ্ববিদ্যালয়ে যোগ দেন। সেই সময় ডক্টর নীহার রঞ্জন রায় সবেমাত্র কলিকাতা বিশ্ববিদ্যালয়ে নিযুক্ত হয়েছেন। আগে থেকেই নীহারবাবু রাধাকৃষ্ণাণ সাহেবের পরিচিত ও প্রিয়পাত্র ছিলেন। লাইব্রেরীতে নীহারবাবুর ঘরে তিনি প্রায়ই আসতেন, ক্রমে আমার সাথেও তাঁর পরিচয় হয় এবং এইভাবে আমি দীর্ঘদিন তাঁর সান্নিধ্যলাভ করেছিলাম।

১৯৫১ সালে পশ্চিমবঙ্গের যিনি গর্ভনর ছিলেন এবং পরে পদাধিকার বলে যিনি কলিকাতা বিশ্ববিদ্যালয়ের আচার্যের পদ অলঙ্কৃত করেছিলেন, সেই ডক্টর হরেন্দ্রনাথ মুখার্জীর সঙ্গে আমার প্রথম সাক্ষাৎ হয় ১৯২০ সালে, যখন ডক্টর মুখার্জী কলিকাতা বিশ্ববিদ্যালয়ের কলেজ সমূহের পরিদর্শক ছিলেন। পরে অবশ্য অনেকবার তিনি লাইব্রেরীতে নিজে এসে বই সংগ্রহ করতেন এবং অনেক সময় নিজে এসেই জমা দিতেন। এই সুবাদেই আমার সাথে তাঁর সম্পর্ক আরও নিবিড় হয়। পরে ডক্টর মুখার্জী পশ্চিমবঙ্গের গভর্নর নিযুক্তকালীনও আমার সঙ্গে পূর্বের মতো সম্পর্ক বজায় রেখেছিলেন। দার্জিলিং শহরে 'স্টেপ এসাইড' বাড়ীতে দেশবন্ধু চিত্তরঞ্জন দাস পরলোকগমন করলে সেখানে সরকারী উদ্যোগে যখন একটি পাবলিক লাইব্রেরীর পরিকল্পনা করেন, তখন ঐ লাইব্রেরীর জন্য বাংলা ও হিন্দী বই-এর তালিকা তৈরী করার ভার ডক্টর মুখার্জী আমার উপরেই দিয়েছিলেন। সেই সঙ্গে কয়েকজন পুস্তকবিক্রেতা ও প্রকাশকের এবং লাইব্রেরীর আসবাব পত্র সরবরাহকারীর তালিকাও প্রস্তুত করতে বলেন যারা বিনামূল্যে অথবা স্বল্পমূল্যে ঐ লাইব্রেরীর জন্য বই এবং আবসবাবপত্র দিতে স্বীকৃত হবেন।

পরে বঙ্গীয় গ্রন্থাগার পরিষদ পরিচালকের কাজে এবং অন্যান্য কাজে আমি বহুবার রাজ্যপালের সাথে দেখা করার জন্য রাজভবনে গিয়েছি। আমার অনুরোধেই ডক্টর মুখার্জী বঙ্গীয় গ্রন্থাগার পরিষদের পৃষ্ঠপোষক হতে সম্মত হয়েছিলেন এবং মৃত্যুকাল পর্যন্ত ঐ দায়িত্ব তিনি পালন করেছেন। এর পরের রাজ্যপাল শ্রীমতী পদ্মজা নাইডুও পরিষদের পৃষ্ঠপোষক হতে সম্মত হয়েছিলেন।

বিশ্ববিদ্যালয়ের কর্মজীবনে কিছু সংখ্যক বিখ্যাত ব্যক্তির সান্নিধ্যে আসার সৌভাগ্য আমি অর্জন করেছিলাম। আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন ভাষাতত্ত্বের পণ্ডিত, একদা প্রাচ্যে রবীন্দ্রনাথের ভ্রমনসঙ্গী ও রবীন্দ্রনাথের স্নেহধন্য প্রথিতযশা অধ্যাপক ডক্টর সুনীতি কুমার চট্টোপাধ্যায় ছিলেন তাদের মধ্যে একজন।

বিখ্যাত বিজ্ঞানী মেঘনাদ সাহার সাথে আমার প্রথম সাক্ষাৎ হয় ১৯৩৮ সালে, যখন তিনি দ্বিতীয় দফায় পদার্থবিজ্ঞানের পালিত অধ্যাপক হিসাবে, উপাচার্য শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের আমলে বিশ্ববিদ্যালয়ে যোগ দেন।

প্রমীল চন্দ্র বসু

বিখ্যাত পদার্থবিদ্যার অধ্যাপক ডক্টর দেবেন্দ্রমোহন বসুর ঘনিষ্ঠ সম্পর্কে না এলেও আমার সাথে তার পরিচয় ছিল এবং বসু বিজ্ঞান মন্দিরের ডাইরেক্টর থাকাকালে একবার বৈজ্ঞানিক সংস্থার লাইব্রেরিয়ান পদে প্রার্থী নির্বাচন কমিটির সদস্য হিসাবে একসাথে কাজও করেছিলাম। ডক্টর বোসের পর পদার্থবিদ্যার পালিত অধ্যাপক পদে তৃতীয় ব্যক্তি হিসাবে নিযুক্ত হয়েছিলেন অধ্যাপক মেঘনাদ সাহা। সেই সময় বিজ্ঞান বিভাগের অধ্যাপকদের তাদের নিজেদের বই সংগ্রহের জন্য কলেজ স্ট্রীটে অবস্থিত বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় গ্রন্থাগারে আসার বড় একটা প্রয়োজন হত না। বিজ্ঞান বিভাগের গ্রন্থাগারগুলি কেন্দ্রীয় গ্রন্থাগারের অধীনে থাকলেও তাদের দৈনন্দিন কাজকর্মের ব্যাপারে তারা ছিল নিজ নিজ বিভাগীয় প্রধানের অধীনে। অধ্যাপক মেঘনাদ সাহা তার বিভাগের বিভাগীয় প্রধান থাকায় বিভাগীয় লাইব্রেরীর ব্যাপারে এবং নিজের প্রয়োজনেও তিনি মাঝে মাঝে কেন্দ্রীয় গ্রন্থাগারে আসতেন। আর যেই সূত্রেই আমার সহিত তাঁর পরিচয়।

১৯৩৬ সালে বিশ্ববিদ্যালয়ে যোগদান করেন সংস্কৃত, পালি, চীনা, তিব্বতীয় প্রভৃতি ভাষায় পণ্ডিত এবং বৌদ্ধ ও অনান্য শাস্ত্রে পাণ্ডিত্যের অধিকারী পণ্ডিত বিধুশেখর শাস্ত্রী, তিনি বিশ্ববিদ্যালয়ের কাজে যোগ দেবার পর লাইব্রেরীতে প্রায়ই আসতেন নিজের কাজে। বেশী সময় কখনই থাকতেন না, সুতরাং তাঁর সাথে আমার যোগাযোগ কমই ছিল। কিন্তু আমি যেদিন অস্থায়ী থেকে স্থায়ী লাইব্রেরিয়ানের পদে নিযুক্ত হই, তাঁর চিঠির মারফৎ পণ্ডিত বিধুশেখর বাবুই সর্বপ্রথম এতে খুশি হয়েছেন একথা বলেছিলেন।

আমার প্রতি গভীর প্রীতিভাবাপন্ন ছিলেন আর এক ব্যক্তি যার নাম ডক্টর কালিদাস নাগ, যিনি ছিলেন কলিকাতা বিশ্ববিদ্যালয়ের বিশিষ্ট অধ্যাপক। তারই সাহচর্যে আমি লর্ড উইলিয়মের সান্নিধ্যে এসেছিলাম, যিনি তখন কলিকাতা হাইকোর্টের একজন জজ এবং কলিকাতার এশিয়াটিক সোসাইটির একজন সক্রিয় ও ক্ষমতাশালী সদস্য ছিলেন। লর্ড উইলিয়াম লাইব্রেরীতে শিফ ক্যাটালগ ও কার্ডক্যাটালগের মধ্যে কোনটির উপকারিতা বেশী সে বিষয়ে আলোচনার জন্য গ্রন্থাগার বিজ্ঞানে অভিজ্ঞ ব্যক্তির মধ্যে আমাকেই বেছে নিয়েছিলেন। লর্ড উইলিয়ামের ধারনা ছিল যে শিফ ক্যাটালগই আদর্শ। কিন্তু আমি যখন আমার যুক্তির দ্বারা তাকে বোঝাতে পেরেছিলাম সে কার্ড-ক্যাটালগই হল শ্রেষ্ঠ ফর্ম, তখন আমার মতামতকেই তিনি বেশী গুরুত্ব দিয়েছিলেন। পরে আমার ইচ্ছা থাকলে এশিয়াটিক সোসাইটিতেআমি যুক্ত হতে পারি, একথাও তিনি আমাকে বলেছিলেন এবং এর জন্য বিশ্ববিদ্যালয় আমাকে যে পারিশ্রমিক দেয়, প্রয়োজনে তার থেকে বেশী দিতেও তারা ইচ্ছুক একথাও তিনি বলেছিলেন। কিন্তু আমি বিশ্ববিদ্যালয়ের গ্রন্থগারিকের পদ ত্যাগ করে লর্ড উইলিয়ামের সেই প্রস্তাবে রাজী হইনি।

অধ্যাপক নীহার রঞ্জন রায় ছিলেন একজন চমকপ্রদ এবং বিতর্কিত পুরুষ। যখন তিনি কলিকাতা বিশ্ববিদ্যালয়ের লাইব্রেরীয়ান অথবা বাগীশ্বরী অধ্যাপক ছিলেন, কিংবা যখন তিনি বঙ্গীয় গ্রন্থাগার পরিষদের সাধারণ সম্পাদক, গ্রন্থগারিকতা শিক্ষণ ডাইরেক্টর, পরিষদের সভাপতি ইত্যাদি বিভিন্ন পদের অধিকারী ছিলেন, তখন তার খুব সান্নিধ্যে আসার সুযোগ অর্জন করেছিলাম আমি। বিশ্ববিদ্যালয়ে থাকাকালীন লাইব্রেরীর কাজকর্ম নিয়ে তিনি খুব একটা মাথা ঘামাতেন না।

সেই সব কাজকর্ম দেখাশোনার ভার অনেকটা আমাদের উপরেই ছেড়ে দিয়েছিলেন। সে সময়ে তিনি বিশ্ববিদ্যালয়ের প্রাচীন ভারতীয় ইতিহাস ও সংস্কৃতি বিভাগের অবৈতনিকআংশিক সময়ের অধ্যাপক হিসাবে অধ্যাপনাও করতেন। ঐ বিভাগের তাঁর ছোট ছোট ক্লাসগুলি তিনি লাইব্রেরীতে নিজের ঘরেই নিতেন। ডক্টর রায় ১৯৩৭ সাল থেকে ১৯৪৪ সাল পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের লাইব্রেরিয়ান থাকলেও পরে একবছর ইংরেজ সরকারের বিশেষ আইনে বিনা বিচারে কারারুদ্ধ ছিলেন। অতঃপর বিশ্ববিদ্যালয়ের বাগীশ্বরী রীডার, বাগীশ্বরী অধ্যাপক, প্রাচীন ভারতীয় ইতিহাস ও সংস্কৃতি বিভাগের প্রধান, কলা বিভাগের ভাইস প্রেসিডেন্ট প্রভৃতি নির্বাচিত হন। অবশেষে ১৯৬৫ সালে তিনি কর্মজীবন থেকে অবসর গ্রহণ করেন।

বঙ্গীয় গ্রন্থাগার পরিষদের প্রতিষ্ঠাতা সম্পাদক স্বর্গীয় সুশীল কুমার ঘোষের স্মৃতি রক্ষা করে পরিষদের উদ্যোগে প্রতি বৎসর 'সুশীল ঘোষ বক্তৃতাশালা' নামে বক্তৃতার ব্যবস্থা করা হয়। ঐ বক্তৃতা মালার প্রথম বক্তৃতা দেবার জন্য আমিই প্রথম অনুরুদ্ধ হই। ১৯৭০ সালের ফেব্রুয়ারী মাসে ঐ বক্তৃতার ব্যবস্থা হয় এবং ১৪ই ও ১৫ই ফ্রেব্রুয়ারী দুদিনে তা বের হয়। বক্তৃতার বিষয় ছিল "বিংশ শতকে বাংলাদেশে গ্রন্থাগার আন্দোলন এবং গ্রন্থাগার আন্দোলনে বাঙালী"। নীহার বাবুই ঐ বক্তৃতা সভায় সভাপতির আসন অলংকৃত করেছিলেন। ডক্টর নীহার রঞ্জন রায় বিশ্ববিদ্যালয়ে থাকাকালে আমি যদিও তাঁর অধস্তন কর্মী ছিলাম তথাপি তিনি সর্বদাই আমাকে প্রীতিভাজন সহকর্মীর মর্যাদা প্রদান করতেন।

বিশ্ববিদ্যালয়ে দীর্ঘ সময়ের কার্যকালে আমি যে সকল উপাচার্যের সান্নিধ্যে এসেছি তাঁদের নিজের পড়ার জন্য লাইব্রেরিতে এসে বই নিয়ে যেতে আমি মাত্র একজনকেই দেখেছি। তিনি ছিলেন খাঁ বাহাদুর অজিজ-উল-হক সাহেব, যিনি ১৯৩৪ সালের ৮ই আগষ্ট থেকে কলিকাতা বিশ্ববিদ্যালয়ে উপাচার্যের পদে অধিষ্ঠিত হন। উপাচার্য নিযুক্ত হবার পর খাঁ সাহেব যেদিন প্রথম লাইব্রেরীতে আসেন সেদিন লাইবেরিয়ান ডক্টর নীহার রঞ্জন রায় ও সহকর্মী, সহকারী লাইব্রেরিয়ান শ্রীবিশ্বনাথ বন্দোপাধ্যায় লাইব্রেরীতে না থাকায় আমার সাথে তাঁর দেখা হয় এবং আমি তাঁকে সঙ্গে নিয়ে সমস্ত লাইব্রেরী দেখিয়েছিলাম। এইভাবে আমার সহিত তাঁর আলাপ হয়, আলিগড়, ওসমানিয়া প্রভৃতি ভারতীয় মুসলিম বিশ্ববিদ্যালয়ে এবং ভারতের বাইরের কোন মুসলিম বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিষয়ের পাঠক্রম ও আনুষঙ্গিক বিষয়ের এবং ঐ সকল বিশ্ববিদ্যালয়ের বিবরণ সংক্রান্ত কোন ক্যালেণ্ডার বা অন্য কোন এই জাতীয় মুদ্রিত পুস্তকাদি লাইব্রেরীতে থাকলে, তিনি আমাকে তাঁর নিজস্ব রুমে পাঠিয়ে দেবার জন্য বলেন। পরে অবশ্য তাঁর উদ্দেশ্য জেনেছিলাম। উদ্দেশ্যটি হল কলিকাতা বিশ্ববিদ্যালয়ে ইসলামিক ইতিহাস ও সংস্কৃতির পাঠক্রম ও বিভাগ খোলা।

মাতৃভাষাকে শিক্ষা ও পরীক্ষার বাহন হিসাবে গ্রহন করার পক্ষে আজিজ-উল-হক বিশেষ উৎসাহী ছিলেন। কলিকাতা বিশ্ববিদ্যালয়ের এ বিষয়ে প্রয়াসের মূলে তাঁর যথেষ্ট অবদান ছিল। বাংলা ভাষা ও সাহিত্যের প্রতি তাঁর গভীর অনুরাগ ছিল। পরে তিনি যখন দিল্লীতে গর্ভনর জেনারেল কাউনশিলের সদস্য নিযুক্ত হন তখন তিনি আমাকে বাংলা ভাষায় প্রকাশিত এবং

এখন বাজারে পাওয়া যায় এমন তিন-চারশ বই-এর একটি তালিকা প্রস্তুত করতে বলেন। তালিকাটি প্রস্তুত করে দেবার পর সেগুলি কোন বই-এর দোকানে অর্ডার দেওয়ার ভারও তিনি আমাকে দেন, কারন জরুরী কাজে তখন তাঁর দিল্লী যাবার কথা। পরে অবশ্য আমি পার্কস্ট্রীটে সেন্ট জেভিয়ার্স কলেজের উল্টোদিকে অবস্থিত পার্ক বুক ব্যুরো বলে যে বই দোকান আছে সেখানে গিয়ে বই-এর তালিকাটি দিই। পরে তারা সেই বইগুলি তাঁর জন্য দিল্লীতে পাঠিয়ে দেন।

উপাচার্য আজিজ-উল-হকের পর কলিকাতা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য নিযুক্ত হন ডক্টর বিধানচন্দ্র রায়। পরে অবশ্য তিনি পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রীর পদও অলঙ্কৃত করেন।

১৯৪৪ সালের ১২ই মার্চ তারিখে উপাচার্য হিসাবে ডাক্তার বিধানচন্দ্র রায়ের কার্যকাল শেষ হলে ১৩ই মার্চ থেকে ডক্টর রাধাবিনোদ পাল কলিকাতা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য নিযুক্ত হন। পূর্বে ডঃ পাল যখন বিশ্ববিদ্যালয়ে অধ্যাপনা করতেন সেই সময়ে এম.এ ক্লাসে আমি তার সাক্ষাৎ ছাত্র ছিলাম এবং তিনি আমাকে ঘনিষ্ঠভাবে না হলেও চিনতেন। ডঃ পালের কার্যকালেই বিশ্ববিদ্যালয়ে লাইব্রেরিয়ানশিপের ডিপ্লোমা কোর্স গ্রন্থাগার বিজ্ঞানে যা এখন ডিগ্রী কোর্স নামে খ্যাত, সেটি প্রবর্তন করা হয়।

ডঃ রাধাবিনোদ পালের পরে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের পদে এলেন কলিকাতা হাইকোর্টের ব্যারিষ্টার এবং বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ও আইন কলেজের অধ্যক্ষ শ্রী প্রমথনাথ বন্দ্যোপাধ্যায়, ১৯৪৬ সালের ১৩ই মার্চ তারিখে। উপাচার্যের ভাই শ্রীবিশ্বনাথ বন্দোপাধ্যায় অমার সহকর্মী ছিলেন। সেইসূত্রে তাঁদের বাড়ীতে আমি কদাচিৎ গিয়েছি। আশ্চর্যের বিষয় বিশ্বনাথবাবু লাইব্রেরিয়ান পদে উন্নীত হবার পূর্বে ও পরে লাইব্রেরী সংক্রান্ত কাজকর্মে প্রমথবাবু সবসময় আমাকেই আহ্বান করতেন। আমাকে তিনি পরিমল বলেও ডাকতেন।

এক অভূতপূর্ব এবং দুর্ভাগ্যজনক পরিস্থিতির মধ্যে ১৯৪৯ সালের ২৪শে সেপ্টেম্বর অধ্যাপক প্রথমনাথ বন্দোপাধ্যায় উপাচার্যের পদ ত্যাগ করেন এবং সঙ্গে সঙ্গে ঐ দিনই কলিকাতা বিশ্ববিদ্যালয়ের সাথে দীর্ঘদিন সংযুক্ত এবং কলকাতার এক খ্যাতনামা ও প্রভাবশালী নাগরিক শ্রীচারুচন্দ্র বিশ্বাস দুবছরের জন্য বিশ্ববিদ্যালয়ের পরবর্তী উপাচার্য নিযুক্ত হন। শ্রী চারুচন্দ্র বিশ্বাস ছিলেন বঙ্গীয় সরকারের পাবলিক প্রসিকিউটর আশুতোষ বিশ্বাসের পুত্র।

শ্রীচারুচন্দ্র বিশ্বাস উপাচার্য থাকাকালে বিশ্ববিদ্যালয়ের অন্ততঃ দুজন খ্যাতনামা অধ্যাপকের মৃত্যু হয়। উভয়ের সান্নিধ্যে আসার সৌভাগ্য আমার হয়েছিলো, তাদের একজন ছিলেন বহুবিষয়ে জ্ঞানবান এবং স্বদেশী যুগের একনিষ্ঠ সংগঠক অধ্যাপক বিনয় কুমার সরকার। তিনি আমেরিকায় আমন্ত্রিত অতিথি হিসাবে সেখানকার বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে বক্তৃতা দেবার সময়ে ঐ দেশে আকস্মিক ভাবে পরলোক গমন করেন। অপর অধ্যাপক হলেন ডক্টর বটকৃষ্ণ ঘোষ। তিনি সংস্কৃত ও তুলনামূলক ভাষাতত্ত্ব বিষয়ের অধ্যাপক ছিলেন। মৃত্যুকালে তার বয়স বেশী না হলেও নবীন ও প্রবীন অনেক গবেষক ও অধ্যাপক তাকে শ্রদ্ধার চোখে দেখতেন। তিনি এক কঠিন ব্যাধির কবলে পড়েন। তাঁর মৃত্যুর পর তাঁর নিজস্ব গ্রন্থাগারের মূল্যবান গ্রন্থগুলি বিশ্ববিদ্যালয়ের গ্রন্থাগারে দেওয়া হয়। মূল্যবান হলেও ঐ গ্রন্থসমষ্টি নিয়ে বিশ্ববিদ্যালয় গ্রন্থাগারে এক সমস্যার সৃষ্টি হয়,

ডক্টর ঘোষ এক দুরারোগ্য, কঠিন, ব্যধিগ্রস্ত অবস্থায় ঐ সকল গ্রন্থ ব্যবহার করেছেন—এই যুক্তিতে বিশ্ববিদ্যালয়ের গ্রন্থাগার কর্মীদের এক অংশ ঐ সকল গ্রন্থ স্পর্শ করতে এবং তাদের সূচীকরণ ইত্যাদি কাজ করতে অসম্মত হওয়ায় কিছুকাল গ্রন্থগুলি গ্রন্থাগারের আলমারীতে বন্ধ অবস্থায় থাকে। পরে সেগুলি সংশোধিত ও জীবানুমুক্ত করে নিয়ে গ্রন্থাগার কর্তৃপক্ষ নিজেরাই তার সূচীকরণ ইত্যাদি করার কাজ শুরু করলে তখন অন্য কর্মীরা ঐ কাজ সম্পন্ন করার দায়িত্ব গ্রহণ করেন। বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষকে অবশ্য গ্রন্থাগারের এই সমস্যার কথা আমরা কখনই জানাইনি।

বিশ্ববিদ্যালয়ের গ্রাজুয়েটদের মধ্যে যাঁরা আবার বিশ্ববিদ্যালয়ের রেজিস্টার্ড গ্রাজুয়েট হিসাবে নিজেদের নাম নথিভুক্ত করতে চাইতেন তাঁদের বার্ষিক দশ টাকা চাঁদা অথবা সারাজীবনের জন্য একসঙ্গে একশ পঞ্চাশ টাকা দিতে হত। বিশ্ববিদ্যালয়ের নথিভুক্ত রেজিস্টার্ড গ্রাজুয়েট হিসাবে নাম লেখানো গ্রাজুয়েটেরা নির্বাচনে ভোট দেবার অধিকার, নিজেরা নির্বাচন প্রার্থী হিসাবে দাঁড়াবার অধিকার এবং অন্যান্য কিছু কিছু সুযোগ সুবিধা পেয়ে থাকেন। উপাচার্য শ্রীচারুচন্দ্র বিশ্বাসের উদ্যোগে ঐ বার্ষিক চাঁদা দশ টাকার জায়গায় নামিয়ে দু টাকা এবং সারাজীবনের চাঁদা হিসাবে একশ পঞ্চাশ টাকার পরিবর্তে মোট ত্রিশ টাকা ধার্য হয়, এবং ফলে রেজিস্টার্ড গ্রাজুয়েটদের সংখ্যা খুব দ্রুত বৃদ্ধি পায়।

শ্রীচারুচন্দ্র বিশ্বাসের সময়ে নানা ধরনের ঘটনা এবং নানা তালগোলের ভিতর দিয়ে বিশ্ববিদ্যালয়ের কাজকর্ম চলছিল। এমন সময়ে শ্রী বিশ্বাস কিঞ্চিদধিক মাত্র সাত মাস উপাচার্য পদে কাজ করার পর অকস্মাৎ দিল্লীতে কেন্দ্রীয় সরকারের আইন মন্ত্রকে Minister of State পদলাভ করে, ১৯৫০ সালের ১০ই মে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের পদ ত্যাগ করলেন এবং আচার্য তথা গভর্নরের মনোনয়নে ১২ই মে থেকে কলিকাতা হাইকোর্টের বিচারপতি শ্রীশম্ভুনাথ বন্দোপাধ্যায় বিশ্ববিদ্যালয়ের পরবর্তী উপাচার্য নিযুক্ত হন। ১৮৫৭ সালে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের সৃষ্টিকাল থেকে ১৯৫০ সালের ১২ ই মে পর্যন্ত নিযুক্ত ৩৮ জন উপাচার্যের সকলেই ছিলেন অবৈতনিক। সেই অবৈতনিক উপাচার্যের ধারায় শেষ উপাচার্য ছিলেন বিচারপতি শ্রী শম্ভুনাথ ব্যানার্জী। ১৯৫১ সালের কলিকাতা বিশ্ববিদ্যালয় আইনে সর্বপ্রথম বেতনভোগী উপাচার্য নিয়োগের ব্যবস্থা করা হয়। সেই আইনের ভিত্তিতে নিযুক্ত প্রথম উপাচার্য শ্রী ব্যানার্জী হলেও, কোনদিনই তিনি সেই বেতন গ্রহণ করেন নি।

উপাচার্য শ্রী ব্যানার্জী সকল বিষয়ে কঠোরভাবে নিয়ম কানুন মেনে চলতেন। একসময় বিশ্ববিদ্যালয়ের গ্রন্থাগার বিজ্ঞানের পরীক্ষায় একটি বিশেষ বিষয়ে ছাত্র ছাত্রীরা অধিক সংখ্যায় অকৃতকার্য হচ্ছিল। নিয়ম ছিল যে কোন একটি বিষয়ে অকৃতকার্য হলে পরীক্ষার্থীদের এক বছর পরে পুনরায় সকল বিষয়ে পরীক্ষা দেবার পর প্রত্যেক বিষয়ে উত্তীর্ণ হলে এবং সামগ্রিকভাবে নির্দিষ্ট সংখ্যক নম্বর পেলে তবেই তাদের পরীক্ষায় উত্তীর্ণ বলে গণ্য করা হবে। একবার ঐ পরীক্ষায় পূর্বোক্ত বিশেষ বিষয়টিতে একজন পরীক্ষার্থী অকৃতকার্য হয়েছিল। বিশ্ববিদ্যালয়ে একটি অলিখিত নিয়ম ছিল, অন্য সকল বিষয়ে ভালোভাবে পাশ করে কোন পরীক্ষার্থীর একটি মাত্র বিষয়ে পাশের জন্য মাত্র দু-এক নম্বর কম থাকলে তাকে ঐ দুই বা এক নম্বর grace mark বা

অনুদান হিসাবে দেওয়া হত। ঐ বছর পরীক্ষার ফল চূড়ান্ত পর্যালোচনা কালে ঐ অলিখিত নিয়মের উল্লেখ করে প্রযোজ্য স্থলে ঐ grace mark দেবার প্রস্তাব উপস্থিত হলে উপাচার্য বলেন, ঐ নিয়ম কোথায় লেখা আছে দেখান। এটা একটা অলিখিত নিয়ম সে কথার উল্লেখ করা হলে এবং কমিটির অন্য সকল সদস্য একযোগে ঐ প্রকার grace makr দেবার প্রস্তাব সমর্থন করলেও তিনি কিছুতেই লিখিত নিয়মের বহির্ভূত প্রথা মানতে রাজী হলেন না, ফলে সেবার খুব অল্পসংখ্যক পরিক্ষার্থী পরীক্ষায় উত্তীর্ণ হয়।

বিশ্ববিদ্যালয়ের গ্রন্থাগারের বই কেউ সময় মত ফেরৎ না দিলে, এই ফেরৎ না দেওয়া পর্যন্ত বই গ্রহণকারীকে তাগিদপত্র দেবার নিয়ম ছিল। কোন রকম ব্যতিক্রম না করে প্রয়োজনে আমি সকলকেই পুনঃ পুনঃ তাগিদপত্র প্রেরণ করতাম, ডাক্তার বিধানচন্দ্র রায়ের কাছ থেকে বহুদিন যাবৎ দু-তিন খানা বই ফেরৎ না হওয়ায় তাঁর নামে যথারীতি তাগিদপত্র যেত। অবশেষে হয়ত পুনঃ পুনঃ তাগিদপত্র পাওয়ায় তিনি অস্থির হয়ে ঐ বইএর দাম কত জানতে চাইলেন। তাঁকে দামের কথা জানানো হলে ঐ পরিমান টাকার একটি চেক তিনি পাঠিয়ে দিলেন। যথাসময়ে এবং যথানিয়মে বিষয়টি লাইব্রেরী কমিটিকে জানানো হলে কমিটির চেয়ারম্যান হিসাবে উপাচার্য আমার দিকে অঙ্গুলি সংকেত করে বলেন, "এ ব্যক্তি তো সাংঘাতিক লোক। মুখ্যমন্ত্রী ডাক্তার রায়ের কাছ থেকে টাকা আদায় করেছে?" তবে দুঃখের বিষয় নিয়ম মেনে চলার নীতি দৃঢ়ভাবে পালন করার জন্য তাঁর উপরোক্ত উক্তিটি লাইব্রেরিয়ানের প্রশংসাসূচক অথবা মুখ্যমন্ত্রীকে বিরক্ত করার জন্য সেটি বিরক্তিসূচক ছিল সেটা পরিষ্কার বোঝা গেল না।

১৯৫৪ সালের মার্চ মাসে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য পদের দায়িত্ব গ্রহণ করেন ডক্টর জ্ঞানচন্দ্র ঘোষ, যিনি কলিকাতা বিশ্ববিদ্যালয়ের একজন কৃতী ছাত্র এবং অধ্যাপক প্রফুল্লচন্দ্র রায়ের একজন অতিপ্রিয় ছাত্র ছিলেন। আমি যে দ্বাদশ স্থায়ী উপাচার্যের আমলে কলকাতা বিশ্ববিদ্যালয়ে কর্মরত ছিলাম, সেই দ্বাদশ উপাচার্যের মধ্যে একমাত্র শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায় ছাড়া ডক্টর জ্ঞানচন্দ্র ঘোষের মত এত সদা সক্রিয় এবং দ্রুতকাজকর্ম সমাধানে তৎপর অন্য কোন উপাচার্যকে দেখি নি। ডক্টর ঘোষের উপাচার্য পদে নিযুক্তির খবর বিশ্ববিদ্যালয়ে পৌঁছালে ডক্টর বীরেশ চন্দ্র গুহকে বলতে শুনেছিলাম, 'ইনি এমন একজন মানুষ, যিনি কাউকে অলস থাকতে দেবেন না"।

বিশ্ববিদ্যালয়ের স্থায়ী লাইব্রেরিয়ান অন্যত্র চাকরি নিয়ে চলে যাওয়ায় এখানে অস্থায়ী ব্যবস্থায় কাজ চালালে প্রতিষ্ঠানের কাজের এবং অগ্রগতির ক্ষতি হয়। কিন্তু এদিকে কারও লক্ষ্য ছিল না। বাস্তববাদী ডক্টর ঘোষ উপাচার্যের দায়িত্বভার গ্রহণ করে এ বিষয়ে দৃষ্টি দিলেন এবং লাইব্রেরিয়ান পদে প্রার্থীর জন্য সংবাদ পত্রে বিজ্ঞাপন দিয়ে শীঘ্রই বিধিমতে স্থায়ী লাইব্রেরিয়ান নিযুক্ত করলেন এবং সঙ্গে সঙ্গে আনুষঙ্গিক অন্যান্য ব্যবস্থাও গ্রহণ করলেন।

ডক্টর ঘোষ উপাচার্য নিযুক্ত হবার পূর্বে কোন এক ব্যবস্থায় বিশ্ববিদ্যালয়ের লাইব্রেরিয়ানের কয়েক মাসের জন্য অষ্ট্রেলিয়া যাবার সুযোগ পাবার পূর্ণ সম্ভাবনা হয়েছিল। কিন্তু বিশ্ববিদ্যালয়ের তৎকালীন কর্মে শিথিলতার জন্য বিশ্ববিদ্যালয় থেকে প্রেরিত চিঠি ভারত সরকারের দপ্তরে

পৌঁছাতে বহু বিলম্ব হওয়ায় কলিকাতা বিশ্ববিদ্যালয় ঐ সুযোগ লাভে বঞ্চিত হয়। আমি তখন কলিকাতা বিশ্ববিদ্যালয়ের অস্থায়ী গ্রন্থাগারিক। আমি ঐ বিষয়ের বিন্দু বিসর্গও জানতাম না।

পরে ডক্টর ঘোষ বিশ্ববিদ্যালয়ে উপাচার্য নিযুক্ত হয়ে আসার পর বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ শ্রী সতীশ চন্দ্র ঘোষ একদিন আমাকে তাঁর ঘরে বললেন, "আমরা কাল সিণ্ডিকেট থেকে তোমাকে বিদেশে যেন কোথায় পাঠালাম"। অনুসন্ধানে জানলাম একদল ভারতীয় লাইব্রেরিয়ানকে পাঁচ মাসের জন্য আমেরিকার লাইব্রেরী ব্যবস্থা পর্যালোচনার জন্য আমেরিকায় পাঠানোর উদ্দেশ্যে আমেরিকার ভারতস্থ দূতাবাস থেকে ভারত সরকারের কাছে কিছু লাইব্রেরিয়ানের নাম সুপারিশ করার অনুরোধ জানানো হয়েছে। তদনুসারে ভারত সরকার কতিপয় প্রতিষ্ঠান সহ কলিকাতা বিশ্ববিদ্যালয়কেও নাম সুপারিশের চিঠি দিয়েছেন। ঐ চিঠি পাবার সঙ্গে সঙ্গে কালবিলম্ব না করে উপাচার্য বিষয়টি সিণ্ডিকেটের গোচরে আনেন এবং সিণ্ডিকেট থেকে আমার নাম পাঠানো হয়। উপাচার্য ডক্টর ঘোষ তাঁর স্বভাবসিদ্ধ তৎপরতার সাথে এ বিষয়ে ব্যবস্থা অবলম্বন করেছিলেন। নচেৎ পূর্ববারের মত এবারও হয়ত সুযোগটি নষ্ট হয়েই যেত।

ডক্টর ঘোষ উপাচার্য থাকাকালে বিশ্ববিদ্যালয়ের অস্থায়ী সান্ধ্য বাণিজ্য বিভাগটি স্থায়ী হলে, বাণিজ্য বিভাগের অস্থায়ী লাইব্রেরীর ব্যবস্থা লাইব্রেরীর অস্থায়ী কর্মীবৃন্দ সহ স্থায়ীভাবে কেন্দ্রীয় লাইব্রেরীর অন্তর্ভুক্ত হয়।

কলিকাতা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের দায়িত্বভার গ্রহণের পূর্বে নানাভাবে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের সাথে ডক্টর জ্ঞানচন্দ্র ঘোষ যুক্ত থাকলেও এবং নানা কর্মক্ষেত্রে তার কর্মপ্রকৃতির বৃত্তান্ত আমি অবগত থাকলেও ডক্টর ঘোষের সাথে আমার ব্যক্তিগত কোন পরিচয় ছিল না। তিনি বিশ্ববিদ্যালয়ে উপাচার্য হিসাবে আসার পর অতি অল্পদিনের মধ্যেই সব বিষয়ে তাঁর গঠনমূলক দৃষ্টিভঙ্গী, দ্রুত কার্য সম্পন্ন করার আগ্রহ, বই বিষয়ে তীক্ষ্ণদৃষ্টি দানের অসাধারণ ক্ষমতা লক্ষ্য করে আমি চমৎকৃত হলাম। ব্যক্তিগত সান্নিধ্যে তার হৃদয়ের উষ্ণতা অনুভব করতেও আমার বিলম্ব হল না। বহুপূর্বে উল্লেখ করেছি সেবা বৃত্তির মনোভাব নিয়েই আমি গ্রন্থাগারিকের বৃত্তি গ্রহণ করেছিলাম। বাস্তব জীবনে অনেক দুর্লঙ্ঘ্য বাধার জন্য সন্তোষজনক পরিস্থিতি ও পরিবেশ সৃষ্টি না হওয়ায় সকল বিষয়ে স্বচ্ছন্দচিত্তে কাজ করা সম্ভব হচ্ছিল না। এতদিনে মনে হল অনেক বাধাই এবার সহজে অপসারণ সম্ভব হবে। লাইব্রেরী জগতের প্রতি ডক্টর ঘোষ আকৃষ্ট এবং সজাগ ছিলেন। কিন্তু দুঃখের বিষয় গ্রন্থ সমস্যায় পীড়িত কলিকাতা বিশ্ববিদ্যালয়ে তাঁর অবস্থান স্বল্পস্থায়ী হয়েছিল।

আমেরিকা যুক্তরাষ্ট্রের সরকার এবং ভারত সরকারের শিক্ষাজগতের বিনিময়ের এক পরিকল্পনায় ১৯৫৫ সালের ফেব্রুয়ারী মাসের প্রথমে আমি আমেরিকা যাত্রা করি। সেখানে আধুনিক গ্রন্থাগার সম্পর্কে আমি যখন নবীন উৎসাহ এবং অভিজ্ঞতা সংগ্রহ করতে থাকি তখন ঐ বৎসরের এপ্রিল মাসে আমি আমেরিকা থেকে উপাচার্য ডক্টর জ্ঞানচন্দ্র ঘোষকে একখানি চিঠি লিখি। আমার চিঠি পেয়ে তিনি সঙ্গে সঙ্গেই তার উত্তর দেন এবং তাতেই তিনি যে এপ্রিলের মাঝামাঝি

বিশ্ববিদ্যালয় ছেড়ে দিল্লীতে চলে যাবেন তা বলেন। এই কথা জানার পর আমার মন খুবই দুঃখে ভারাক্রান্ত হয়ে গিয়েছিল।

আমেরিকা থেকে দেশে ফিরে আসার পথে আমি লণ্ডন, প্যারিস, জেনেভা, রোম এবং এথেন্সে কয়েকদিন থেকে ১৯৫৫ সালের আগষ্ট মাসে কলকাতায় এলাম। উপাচার্য ডক্টর জ্ঞানচন্দ্র ঘোষ আমি ফিরে আসার আড়াই মাসেরও অধিককাল পূর্বে কলিকাতা ত্যাগ করে তার নতুন কার্যভার গ্রহণ করে দিল্লীতে চলে গেছেন। সম্ভবত তাঁর সাথে আমার আর কখনও দেখা হয় নি। কিছুদিন পর ১৯৫৯ সালের ২১ শে জানুয়ারী ৬৪ বছর বয়সে দুরারোগ্য ক্যানসার রোগে ডক্টর ঘোষের দেহাবসান ঘটে।—

"গ্রন্থাগারে" নিয়মিত ভাবে প্রমীল চন্দ্র বসু রচিত
"স্মৃতিচারণ" নামক লেখাগুলি থেকে সংকলিত।

In his reminiscent essay, P. C. Bose recalls his memories of the past from the inception of the library and information science department.

পুস্তক পাঠ ও পাঠের উদ্দেশ্য

রাজকুমার মুখোপাধ্যায়

জনসাধারণের গ্রন্থাগারে পাঠক আসে বই পড়বার জন্যে। তার নিজের পছন্দ মত বই বেছে নেবে। এই হ'লো সাধারণ নিয়ম। কিন্তু গ্রন্থাগারকে অনেক সময় এই নিয়ম ভঙ্গ করতে হয়। প্রথমতঃ যারা পড়তে জানে অথচ বই পড়ে না এরূপ ব্যক্তি যদি বই পড়বার জন্যে গ্রন্থাগারে আসে, তাদের পড়বার জন্যে কি ধরনের বই পড়তে দেওয়া হ'বে এটা একটা সমস্যা। আবার এমন ব্যক্তি আছে যারা পড়তে জানে অথচ কি বই পড়বে তারা ঠিক করতে পারে না। এটাও একটা সমস্যা। আবার যারা নিয়মিত বই পড়ে তারা কি বই পড়ে এবং কিধরনের বই তাদের হাতে তুলে দেওয়া প্রয়োজন সেটাও একটা সমস্যা। সুতরাং পাঠের একটা উদ্দেশ্য আছে। সেই উদ্দেশ্যটা কি, কেমন করে সেই উদ্দেশ্য পূরন করা যায় এই বিষয়টাই এই প্রবন্ধের বিষয় বস্তু।

পাঠ

বই পড়তে গেলে বই পড়ে বোঝবার মত ভাষা জ্ঞান থাকা চাই। আর কেবল মাত্র ভাষাজ্ঞান থাকলেই যে পড়বার সার্থকতা এ কথাও বলা চলে না। বই পড়ে, জানতে হবে, শিখতে হবে এবং সামাজিক অবস্থাকে বুঝতে হবে, পাঠের উদ্দেশ্য এটাই হওয়া প্রয়োজন—

পাঠের উদ্দেশ্য ঃ জানতে হবে

ব্যক্তি, যে পড়তে জানে, সে একটা বিজ্ঞাপনের বিষয়-বস্তু বুঝতে পারবে। খবরের কাগজ পড়ে নানা ঘটনা সম্বন্ধে অবহিত হতে পারবে, এরূপ ক্ষেত্রে তার যে জানা, তা তার সম্পূর্ণ ব্যক্তিগত কারণ তার জানাটা সম্পূর্ণভাবে সক্রিয়। রেডিও, টেলিভিশন বা সিনেমা, দেখে বা শুনে শেখার মত শেখা নয়। কারণ সে যা শিখেছে বা জেনেছে তা সে নিজে শিখেছে। কেউ তাকে শিখিয়ে দেয়নি। "কাগজে কি বলে" এ-কথাটা থেকে মনে হয় কাগজে যা বলে তার মূল্য আছে। কাগজে খবর পড়ে পাঠক তা বিশ্বাস করে, তার মনে হয় খবরের কাগজে যা বলে তা সত্য।

পাঠের উদ্দেশ্য ঃ শিখতে হবে

শিখতে হবে। জানতে হবে। কি শিখতে হবে? কি জানতে হবে? বই পড়ে জানতে হবে, শিখতে হবে, জানতে হবে নিজেকে, নিজের সমাজকে; নিজের সৃষ্টিকে এবং তার এক মাত্র মাধ্যম

হচ্ছে বই। রেডিও, টেলিভিশনের মাধ্যমেও শেখা বা জানা যায় কিন্তু সে জানাটা বা শেখাটা, ব্যক্তিগত বা নিজস্ব শেখা বা জানা হয় না—সেটা হবে জনসাধারণের জানার মত জানা। অনেকে বলেন Television হওয়ার ফলে গ্রন্থাগারে পাঠকের সংখ্যা কমে গেছে। কথাটা সত্যি নয়। পাঠকের সংখ্যা বেড়েছে বই কমেনি তার কারন T.V.তে কোন কোন বই দেখবার পূর্বে অনেকে সে বইখানি পড়বার জন্য গ্রন্থাগারে আসে এবং সিনেমা দেখার পরেও অনেকে বইখানি ভালো করে পড়তে চায়। জনসাধারণের গ্রন্থাগারের গ্রন্থাগারিক এ বিষয়ে অবহিত। তাহলে শিখতে গেলে ভালো করে পড়তে হবে অর্থাৎ কেবল চোখ দিয়ে পড়লে চলবে না, চোখের সঙ্গে মনেরও সংযোগ থাকা প্রয়োজন।

চোখ দিয়ে পড়া

কয়েক ধরনের পাঠ আছে তা কেবল ক্ষনিকের জন্য। সে ধরনের পড়া হলো "চোখ দিয়ে পড়া" অর্থাৎ "চোখ রইলো বইয়ের উপর, মন রইল রান্না ঘরে বা আশেপাশের লোকের উপর।" সাধারণত ছবিতে ভরা পত্রিকা বা দৈনিকপত্র পাঠ হলো এধরনের পাঠ এরূপ ক্ষেত্রে মন এবং অনুভব করবার শক্তি ঘুমিয়ে থাকে বা অলস হয়ে থাকে। তবে পড়ার সময় সময়ের জ্ঞান থাকে না। সুতরাং এধরনের পাঠ কেবল সময় কাটানোর জন্যে পড়া ছবিওলা উপন্যাস বা এই ধরনের বই বেশীর ভাগ পাঠকই পড়তে চায়—কারন তারা চায় সস্তায় আনন্দ পেতে, সহজে উত্তেজনা পেতে, বহু পাঠক চায় নিজের মধ্যে যে শূন্যতাটা অনুভব করে তা পূরণ করতে সেই শূন্যতার হাত থেকে মুক্তি পেতে চায়। পাঠক সক্রিয়ভাবে পড়ে না সে থাকে সম্পূর্ণ নিষ্ক্রিয়।

এ ধরনের পাঠের ফলে পাঠক, দুঃখজনক প্রেরণাকে মেনে নেয় যেমন যৌন উত্তেজনা, ধর্ষন, জাতিভেদ, ঘৃণা, ইত্যাদি। এই রূপ পাঠের দ্বারা পাঠক যে এ ধরনের চিন্তা ইচ্ছা করে মেনে নেয় তা নয়—এই ধরনের প্রেরণার বিষ ক্রমশ ব্যক্তিগত মনকে বিষিয়ে তোলে পাঠকের অজান্তে। এধরনের পাঠের বিরুদ্ধে সব সময়ে রুখে দাঁড়ান প্রয়োজন—এ ধরনের সিনেমা দেখার বিরুদ্ধেও প্রচার চালানো প্রয়োজন।

হৃদয় গ্রাহী বই

এ ধরনের বইয়ে সাধারণত একটা সামাজিকতা থাকে। তোমার, আমার মত ব্যক্তিদের নিয়েই এই ধরনের বইয়ের সৃষ্টি হয়। এসব বইয়ের চরিত্রের মধ্যে পাঠক নিজেকে খুঁজে পায়-নিজের অবস্থাকে খুঁজে পায়, নিজের ঘর-সংসারকে খুঁজে পায়। এ ধরনের বই পাঠকের বুকের শূন্যতা থেকে পাঠককে মুক্তি দেয় এবং সেই সঙ্গে পাঠককে জীবনের বাস্তবতা সম্বন্ধে সচেতন করে তোলে। এ ধরনের পাঠ পাঠককে সক্রিয় করে তোলে। এ সব বইয়ের ভিতরে যে সব ইতিহাস থাকে সে-সব ইতিহাস পাঠকের বাস্তব বলে মনে হয়। মনে হয় যেন এ সব ইতিহাস তাদেরই সৃষ্ট-তারা যেন সে ইতিহাস সৃষ্টি করেছে। পাঠক এই সব বই পড়ে নিজেকে অন্যের মধ্যে দেখতে পায়। অন্যের দুঃখে তারা দুঃখিত হয়, অন্যের সাফল্যে তারা নিজের সাফল্যকে

পাঠকের সংস্পর্শে এসে বইয়ের বিষয়গুলি রূপায়িত হয়ে ওঠে।

একটা কথা এখানে বলে রাখা প্রয়োজন। শৈলি এবং বইয়ের বিষয় বস্তুর পরস্পরের সাথে ঘনিষ্ট সম্পর্ক বর্ত্তমান থাকে। বইয়ের ভাষা সুন্দর হলেই যে বিষয়-বস্তু ভালো হবে এমন কোন কথা নেই। শৈলির সাথে বিষয় বস্তুর সম্বন্ধ থাকা চাই। মূল কথা হচ্ছে বস্তুর রূপটা ফুটে ওঠে শৈলির মাধ্যমে।

বুঝতে হবে

বইখানা ভালো লাগল, নানা ধরনের অনুভূতি মনের মধ্যে সৃষ্টি করলো— কিন্তু কেন? এই প্রশ্নটা সব সময় চিন্তা করা প্রয়োজন একখানি বই পড়ে ভালো লাগাটাই কি যথেষ্ট? যে পাঠক বই পড়ার পর চিন্তা করে কেন তার বইখানা ভালো লাগলো সেই পাঠকই বইয়ের বিষয় বস্তুকে শোধরাবার পথে অনেকটা এগিয়ে যাবে। এটা কিভাবে সম্ভব হয়? পাঠকের কল্পনাকে জাগিয়ে তোলবার জন্যে প্রয়োজন হচ্ছে "পাঠ চক্র", সেখানে বই সম্বন্ধে কোন একখানি পাঠচক্রের সদস্যদের মধ্যে নানা জল্পনা কল্পনা, এবং প্রশ্ন জাগাবার ফলে বইয়ের বিষয় বস্তু বোঝা সকলের পক্ষে সুবিধা হবে। কোন লেখকের একখানি বই পড়া হ'লো। পাঠকের কাছে বইয়ের বিষয়টাও বোধগম্য হ'লো এ-কথা ঠিক। কিন্তু কোন লেখককে ঠিকমত বুঝতে হ'লে লেখকের কয়েকখানি বইকে তুলনামূলক ভাবে পড়তে হবে। তা না হ'লে কোন লেখকের মূল বক্তব্যকে বোঝা সম্ভব হবে না। তুলনামূলক ভাবে পড়তে গেলে সেই লেখকের সংক্ষিপ্ত জীবনীর সহিত তার লেখার কালানুক্রমি পুস্তক সূচির প্রয়োজন—যাকে ইংরেজী ভাষায় বলে bio-bibliography. এরূপ জীবনী মূলক গ্রন্থ পাঠকের—সত্যিকারের পাঠকের খুবই কাজে লাগবে।

এমন অনেক লেখক আছেন যাদের বই পাঠক পড়তে চায়না—কারন পাঠক সে সব লেখকের বইয়ের বিষয়বস্তু ঠিক মত বুঝতে পারে না। স্বীকার করতে সাহস হয় না। কিন্তু এ-ধরনের বইগুলি বুঝতে পারলে আমরা নতুন ধরনের চিন্তাধারার সঙ্গে পরিচিত হ'ব, এবং আমাদের সামনে এক নতুন পৃথিবী গড়ে উঠবে, সে পৃথিবীর নায়ক নায়িকারাও আমাদের অন্তরে এক নতুন ধরনের অনুভূতি জাগিয়ে তুলবে। এ-জন্য নিজের চিন্তা ধারাকে নতুন পথে নিয়ে যেতে হবে। নিজের নিজের Prejudiceকে ভুলতে হবে। অমুক লেখক Communism- এর উপর লেখে সে জন্যে অমুক লেখকের বই পড়ব না একথা বলা চলবে না। কোন একখানি বই পড়ে মনের মধ্যে যে emotion এর সৃষ্টি সেই emotion এর মুখোমুখি হয়ে, অনুভূতির কারণ খুঁজে বার করতে হবে তাতে বইখানিকেও যথাযথভাবে বোঝা যাবে, নিজের রূপ যে কিরকম তাও বোঝা যাবে।

তুলনা মূলকভাবে পড়তে হবে

নিজের সৃষ্টির সঙ্গে একখানি বইয়ের সম্বন্ধ কতটুকু তা জানতে হবে। সে জন্যে তুলনামূলক ভাবে পড়া প্রয়োজন। একজন লেখকের অন্যান্য বইয়ের মধ্যে একখানি বইয়ের স্থান মূল্যায়ন

করতে হবে, এবং বইখানি আমার সমাজের অর্থাৎ আমার পিছনের সামাজিক, রাজনৈতিক, অর্থনৈতিক, ভৌগলিক, ইত্যাদির ইতিহাসের মধ্যে স্থান কোথায় বা কতটুকু তা আমাদের বুঝতে হবে। প্রথম ক্ষেত্রে প্রয়োজন হচ্ছে লেখককে ভালো ভাবে জানা অর্থাৎ তার bio-bibliography'র সঙ্গে সম্বন্ধ থাকা।

দ্বিতীয় ক্ষেত্রে লেখকের লেখা পার হয়ে আমাদের পিছনের ইতিহাসকে জানতে হবে অর্থাৎ এমন কতগুলি অবস্থা যার সঙ্গে আমাদের উপস্থিত অবস্থার কোন সম্বন্ধ নেই। সে-কারনে আমাদের অন্যান্য দেশের সাহিত্যের সঙ্গেও সম্বন্ধ রাখতে হ'বে এবং একই দেশের পুরান যুগের সাহিত্য পড়তে হবে। এ দুটি ক্ষেত্রেই কাজ করবে পাঠ-চক্র অর্থাৎ যা পাঠককে পড়তে উদ্বুদ্ধ করছে।

বিচার করতে হবে

কোন একখানি বই সম্বন্ধে একটা যথাযথ ধারনা করতে গেলে বইখানি পড়া প্রয়োজন একথা কেউ অস্বীকার করবে না। কিন্তু এমন অনেক ব্যক্তি আছে যারা বইখানি পড়বার পূর্বেই বইখানি সম্বন্ধে একটা ধারনা করে নেয়।

—বইখানি ভালো, নয়?

—ভীষণ ভালো

—বইখানি পড়েছ

—না—সমালোচনা হ'য়েছে খুব ভালো

অর্থাৎ তোমার বিচার তোমার নিজের বিচার নয়। অন্য কেউ কোন পত্রিকায় বইখানিকে ভালো বলেছে তাই তুমি বলছ ভালো। এইটাই হ'লো আধুনিকসমাজের মানুষের স্বভাব কারণ They think with others' thought কিন্তু I know এবং I have the knowledge of এ দুটি বাক্যের মানে এক নয়। কোন বিষয় বা বই সম্বন্ধে জানতে হলে নিজের চেষ্টায় জানতে হবে। এমন অনেক বই আছে যা কেবল প্রচারের জন্য ভালো বই বলে বাজারে চলে যায়—আবার প্রচারের অভাবে অনেক বই বাজারে স্থান পায়না— একথা সকলেই জানে। সুতরাং বইখানিকে বিচার করতে হবে, তা না করলে বইখানি ভালো কি মন্দ বোঝা যাবে না। ভালো লেখকের লেখার মধ্যেও ভুল বা দোষ থাকতে পারে—কারণ তিনি মানুষ। এই ভুলটুকু পাঠকের কাছে ধরা পড়ে যদি সে বইখানিকে Critically পড়ে সে জন্যে আবার বলি কোন একখানি বই পড়ে তা বিচার করা প্রয়োজন।

পাঠ সক্রিয় হওয়া চাই।

নিষ্ক্রিয়ভাবে পাঠের কোন মূল্য নেই। সেরূপ পাঠ কেবল সময় কাটাবার জন্য—একথা আমি পূর্বে বলেছি। সক্রিয়ভাবে পাঠের ফলে ক্রমশঃ আমি আমাকে চিনতে পারি; আমাকে ক্রমশঃ আমার মত করে গড়ে তুলতে পারি। আমি অন্য, অন্যে আমাকে যেমনটি চায় আমাকে সেইভাবে পড়তে হবে এই ধারনার বশবর্তী হয়ে বাজারে নিজেকে বিক্রি করবার বস্তুর মত করে

গড়ে তোলা নিজেকে গড়ে তোলা নয়। আমার মত করে আমাকে গড়ে তুলতে হবে, আমার প্রবণতাকে গড়ে তুলতে পারা যায় কেবল মাত্র বই পড়ার দ্বারা কারণ বইয়ের চরিত্রের মধ্যে আমি নিজেকে দেখতে পাই। বইয়ের চরিত্রের দোষ গুণ বিচার করতে গিয়ে নিজের দোষগুণকে বুঝতে পারি। আমি কতদূর কৃষ্টি সম্পন্ন তাও বুঝতে পারি। মনে রাখতে হবে যুগের ধ্যান ধারণার সমষ্টিই হলো কৃষ্টি। বই পড়ার প্রধান উদ্দেশ্য Cultural Orientation.

তাহলে জনসাধারনের গ্রন্থাগারের উদ্দেশ্য হবে পাঠককে ক্রমশঃ এমন বইয়ের দিকে আকর্ষণ করতে হবে যা পাঠককে সাহায্য করবে নিজেকে গড়ে তুলতে, নিজের অস্তিত্ব সম্বন্ধে সচেতন করে তুলতে। মনে রাখতে হবে কেবল সময় কাটাবার জন্যে বই পড়া নয়, জীবনেব কাঠিন্য ভোলবার জন্যে বই পড়া নয়। কিছুক্ষণের জন্য নিজের অবস্থাকে ভুলে থাকবার জন্যে বই পড়া নয়।

Sta'el-এর কথায় "পাঠ হচ্ছে মানব মনের একটি অস্ত্র"। জনসাধারনের জন্য বই পড়ে স্বপ্ন দেখা চলে—এধরনের বই মানুষকে অবনতির দিকে নিয়ে যায়। বিষয় বস্তু যেখানে সত্য, ইতিহাসের পৃষ্ঠ ভুমিতে গড়ে উঠেছে এ ধরনের বই হ'লো ভালো বই তা ব্যক্তিকে প্রজাতির দিকে এগিয়ে নিয়ে যেতে পারে এবং পাঠের উদ্দেশ্যই হ'লো তাই।

এটা মনে রাখতে হ'বে বস্তু না থাকলে আধার থাকে না, আবার আধার না থাকলে বস্তু থাকে না।

পাঠ এবং আধুনিক সমাজ

আধুনিক মানব সমাজের মাথায় যাঁরা বসে রয়েছেন তাঁরা সব সময়ে চেষ্টা করছেন একটা সুস্থ অর্থনৈতিক অবস্থা সমাজের মধ্যে সৃষ্টি করতে তাঁরা একবারও ভেবে দেখছেন না সুস্থ অর্থনৈতিক অবস্থা সৃষ্টি করতে গিয়ে তাঁরা অসুস্থ মানব সমাজের সৃষ্টি করছেন অর্থাৎ মানুষের ব্যক্তিত্বকে বাজারের পন্যদ্রব্যের মত করে গড়ে তুলছেন অথচ মানব জীবনের সব চেয়ে বড় সার্থকতা হচ্ছে নিজের ব্যক্তিত্বকে বিকাশ করা। মানুষ এখন বিরাট সমাজ যন্ত্রের এক অঙ্গের মত হয়ে দাঁড়িয়েছে। কিন্তু একথা তো ভুললে চলবে না মানুষের জন্য সমাজ, সমাজের জন্য মানুষ নয় যেমন পাঠকের জন্য বই বইয়ের জন্য পাঠক নয়। এর ফলে এই বিরাট সমাজ যন্ত্রের অঙ্গ বিভুত হওয়ার জন্য ব্যক্তিকে উপযুক্ত হ'বার চেষ্টা করতে হচ্ছে যার ফলে মানুষ নিজের ব্যক্তিত্ব সম্বন্ধে ক্রমশঃ অচেতন হ'য়ে যাচ্ছে। মানব নিজের মানবতাকে হারিয়ে ফেলে জীবনের জটিলতাকে ভোলবার জন্যে অমানবিক অবস্থার মধ্যে আশ্রয় নিয়ে জীবনকে ভোলবার চেষ্টা করছে। জীবনকে ভালোবাসতে পারছে না। যার ফলে দেশের মধ্যে, নেশা করা, অপরের জীবন নষ্ট করা; গণ-ধর্ষন ক্রমশঃ বেড়ে চলেছে। ঠিক এই কারণে যে দেশ যত বেশী অর্থনৈতিক অবস্থার উন্নতি করেছে সেই দেশে উপরিউক্ত অবস্থা তত বেশী বৃদ্ধি পেয়েছে। সেই সব দেশে পাঠকের সংখ্যাও ক্রমান্বয়ে বেড়ে চলেছে কিন্তু সেসব পাঠক কেবল সেই সব বই পড়ে, যে সব বই পড়ে তারা জীবনের অভাবকে Compensate করতে পারবে। সে কারনে এ ধরনের পাঠকে বলা হয় Compensatory

reading। কিন্তু আমি উপরে বলেছি পাঠের উদ্দেশ্য হচ্ছে নিজেকে জানা, নিজের সমাজকে জানা, সমাজের মধ্যে নিজের অস্তিত্ব সম্বন্ধে সচেতন হওয়া তবেই সমাজের মানুষ বুঝতে পারবে ব্যক্তিগতভাবে তার মানবীয়তা কতটুকু বর্ত্তমান। তবেই মানুষ "না" বলতে শিখবে। সমাজের পরিস্থিতিকে ভাববার চেষ্টা করবে। সমাজের মধ্যে বিপ্লব, বা নতুন অভ্যুত্থান আনতে পারবে। অর্থাৎ যুগ যুগ ধরে যা হয়ে আসছে সচেতন লেখকের লেখার মাধ্যমে। সুতরাং পাঠককেসমাজ সম্বন্ধে সচেতন লেখকের লেখার দিকে আকর্ষন করতে হবে। সত্যি কথা বলতে কি লেখক এমন কিছু লিখতে পারেন না যার অভিজ্ঞতা পাঠকের নেই কারণ উভয়েই এই মাটিতে পা রেখে অভিজ্ঞতা অর্জন করছে। তফাৎ মাত্র এইটুকু যে পাঠকের অভিজ্ঞতা তার অবচেতনায় রয়েছে কিন্তু লেখক তার অভিজ্ঞতা সম্বন্ধে সচেতন। সুতরাং লেখকের লেখা পড়লে পাঠকের অভিজ্ঞতা প্রকাশিত হবে। তখন পাঠক আনন্দে আপ্লুত হয়ে বলে উঠবে "ঠিকই তো"।

The paper explaining heading a book, comprehending a book along with the different types of books of which some are to be taxted and some to be chewed and digested.

DEPARTMENT OF LIBRARY SCIENCE : 1945-1976
(A synopsis with related incidence)

SUBODH KUMAR MOOKERJEE

The then Govt. of India started the first Librarianship Diploma course in July 1935. The venue being the then Imperial library, Calcutta. Twenty students from all over India joined the course for 6 months training, both theoretical & practical. The then Librarian Khan Bahadur K.M. Assdulah was in charge of the course. S. Kumar, Supdt. Reading Room also took some classes.

With the rapid advancement of science and technology, expansion of education in different fields at all levels, the enormous output of the press in the form of books and journals and world-wide expansion of trade & industry, the demand for experts who are able to acquire, organise and make available necessary information is increasing every day. Librarians select, organise and index reading and audiovisual materials in all subjects & fields embracing all phase of modern life, from highly specialised research to broad programmes of mass-education and recreation. It is the task of the librarians to bring these materials and their users together in an effective way.

Professional training is a necessity for those who like to serve the community as librarians. Competent and resourceful young men and women of attractive personality, intelligence and extensive educational background who enjoy working with and for others are needed. Such persons will find in library service and information work, a suitable outlet for their talents in positions carrying good salaries and offering security, satisfaction, prestige and recognition.

Dr. Syamaprasad Mookerjee who was then at the helm of affairs, took the initiative in 1945 in consultation with the Imperial library, introduced one year Diploma course in Librarianship. Bachelors' degree in any discipline was the minimum qualification needed for admission.

As the State Govt, felt interested, they also made budget provision. Gradually from the session 1969-70, the Diploma course was replaced by one year Bachelor of Library Science course. As the course gained popularity, applications, for admission enormously increased to several thousands along with better initial qualifications, viz. first class M.A., M.Sc. and even doctorate degree holders. Selection for admission was a formidable problem, when the Indian Statistical Institute came forward to help the large number of examination scripts by .... reducing the eligible candidates to 200 and this number was further reduced by the Dept. Selection Committee by interview. The teaching staff also was increased, the number of admissions went up to a 100 and more. The U.G.C. scales come much later. The Dept. of Library Science is under the Faculty of Library Science and the Council for Post-Graduate Studies in Library Science. There is a Board of Studies in Librarianship attached to the Council for Post Graduate Studies in Library Science. The term begins in July and extends over one academic year. The detailed syllabii and other particulars will be found in the prospectus.

We have seen that number of admission at the beginning was not large and ladies were not forth comming but gradually the position changed and ladies were more in number. In the European countries 90 per cent of library jobs are held by ladies. The teaching jobs have their own attraction though, library jobs are now more popular and have their own pull, specially for scholars and those who want to handle books on various subjects and those who desire to extend the horizon of their knowledge. From my experience I may say that lady students are more serious in their study than male students, they are also more dependable. During my tenure in the Dept. we had to pass through very trying times. Politics amongst the students played a major role and disturbances went on. I hope that now the situation has changed.

